**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

নৌপরিবহন মন্ত্রণালয়

প্রশাসন শাখা (সেবা)

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

www.mos.gov.bd

**স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস ২০২১ পালনের কর্মসূচি চূড়ান্তকরণ সংক্রান্ত নৌপরিবহন মন্ত্রণালয়ের প্রস্তুতিমূলক ভার্চুয়াল সভার কার্যবিবরণী**

সভার তারিখ : ১৮ জুলাই ২০২১

সময় : সন্ধ্যা ৭.৩০ টা

স্থান : ভার্চুয়াল প্লাটফর্ম (জুম)

সভাপতি : মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী
সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়

সভায় উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

১। সভার শুরুতে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং উপস্থিত সকলকে স্বাগত করেন। জাতীয় শোক দিবসের কর্মসূচির আলোচনা শুরুর পূর্বে ১৫ আগস্ট ১৯৭৫ এ সকল শহীদের প্রতি শ্রদ্ধা জানিয়ে ১মিনিট নিরবতা পালন করা হয়। তিনি জানান যে আগামী ১৫ আগস্ট ২০২১ তারিখ রবিবার জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস যথাযথ মর্যাদার সাথে পালনের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্ত অনুসারে নৌপরিবহন মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক বিস্তারিত কর্মসূচি গ্রহণের ও বাস্তবায়নের লক্ষ্যে এ সভার আয়োজন করা হয়েছে।

২। সভাপতির অনুমতিক্রমে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত জাতীয় কর্মসূচি ও সে আলোকে আজকের সভার কার্যপত্র যুগ্মসচিব (প্রশাসন) সভায় উপস্থাপন করেন। সভাপতির আহবানে জাতীয় শোক দিবস পালনের লক্ষ্যে সম্ভাব্য কর্মসূচি সম্পর্কে মন্ত্রণালয়ের কর্মকর্তাগণ ও দপ্তর/স্বংস্থার প্রধানগণ আলোচনায় অংশগ্রহণ করেন। বিস্তারিত আলোচনা শেষে কোভিড-১৯ পরিস্থিতিতে স্বাস্থ্যবিধি মেনে যথাসম্ভব প্রযুক্তি ব্যবহার করে নিম্নবর্ণিত কর্মসূচি পালনের সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | কর্মসূচি | বাস্তবায়ন |
|---|---|---|
| ১ | ১৫ আগস্ট ২০২১ তারিখ রবিবার সকল দপ্তর/সংস্থার ভবনসমূহে পতাকাবিধি অনুসরণ করে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে। | সকল দপ্তর/সংস্থা |
| ২ | টুঙ্গিপাড়ায় অনুষ্ঠেয় কর্মসূচিতে অংশগ্রহণের জন্য আমন্ত্রিত অতিথি, নেতৃবৃন্দ ও জনসাধারণের গোপালগঞ্জ জেলায় যাতায়াতের জন্য পাটুরিয়া-দৌলতদিয়া ফেরিঘাট ও শিমুলিয়া-বাংলাবাজার ঘাটে আগামী ১৪, ১৫ ও ১৬ আগস্ট ২০২১ তারিখ মোট ০৩ দিন লজিস্টিক সুবিধাদিসহ পর্যাপ্ত সংখ্যক ফেরি প্রস্তুত রাখতে হবে। অনুরূপভাবে ফেরি ও ফেরিঘাটসমূহ পরিষ্কার-পরিচ্ছন্ন, সচল ও চলাচলের উপযোগী রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে। স্বাস্থ্যবিধি অনুসরণের জন্য সকলকে উৎসাহিত/সচেতন করতে হবে। প্রয়োজনীয় পরিমাণে স্যানিটাইজার, মাস্ক ইত্যাদি উপকরণ বিতরণ করা যেতে পারে। | বিআইডব্লিউটিসি/ বিআইডব্লিউটিএ |

| | | |
|---|---|---|
| ৩ | ১৫ আগস্ট ২০২১ তারিখ সকাল ০৮০০ টায় জাতীয় কর্মসূচির সাথে সমন্বয় করে ধানমন্ডি ৩২ নম্বরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে নৌপরিবহন মন্ত্রণালয়ের পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ। | নৌপরিবহন মন্ত্রণালয় |
| ৪ | শিক্ষা/প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহ জাতীয় কর্মসূচির আলোকে দিবসটি পালনের জন্য ভার্চুয়াল প্লাটফর্ম ব্যবহার করে জাতীয় শোক দিবসের সঙ্গে সঙ্গতিপূর্ণ আলোচনা সভা, কবিতা পাঠ, রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা এবং দোয়া মাহফিলের আয়োজন করবে। এছাড়া হামদ-নাত প্রতিযোগিতা ও অন্যান্য উপযুক্ত কর্মসূচির আয়োজন করবে। | দপ্তর স্থংস্থা/মেরিন একাডেমিসমূহ/ মেরিন ইনস্টিটিউট |
| ৫ | বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী, কারাগারের রোজনামচা, সিক্রেট ডকুমেন্ট অব ইন্টেলিজেন্স ব্রাঞ্চ অন ফাদার অব দি নেশন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, আমার দেখা নয়া চীন ও বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক শিশুদের জন্য প্রকাশিত বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক ২৬টি গ্রন্থ সকল শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক ক্রয় ও পাঠের ব্যবস্থা করবে। রাষ্ট্রীয় অনুষ্ঠান, উপানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম ও অন্যান্য কার্যক্রমে পুরস্কার ও কৃতি শিক্ষার্থীদের উপহার হিসাবে প্রদানের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। সকল দপ্তর/সংস্থা বইগুলো দাপ্তরিক লাইবেরিতে ব্যবহারের জন্য সংগ্রহ করবে। | নৌপরিবহন মন্ত্রণালয়/সকল দপ্তর/সংস্থা |
| ৬ | জাতীয় শোক দিবস উপলক্ষ্যে মন্ত্রণালয়ের উদ্যোগে বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষের সম্মেলন কক্ষে সুবিধাজনক সময়ে কোভিড পরিস্থিতি অনুকূল থাকা সাপেক্ষে আলোচনা সভা আয়োজন করা হবে। কোভিড পরিস্থিতি অনুকূল না থাকলে ভার্চুয়াল সভা অনুষ্ঠিত হবে। | নৌপরিবহন মন্ত্রণালয়/ বিআইডব্লিউটিএ |
| ৭ | সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে নৌপরিবহন মন্ত্রণালয়ের আওয়াতাধীন দপ্তর/সংস্থার মসজিদসমূহে বাদ যোহর বিশেষ মোনাজাত ও দোয়া মাহফিল আয়োজন করা হবে। অন্যান্য উপাসনালয়ে সুবিধাজনক সময়ে বিশেষ প্রার্থনা অনুষ্ঠিত হবে। | সকল দপ্তর/স্থংস্থা |
| ৮ | আগামী ১০ আগস্ট,২০২১ তারিখ একটি ফলো-আপ সভা অনুষ্ঠিত হবে। | নৌপরিবহন মন্ত্রণালয় |
| ৯ | জাতীয় শোক দিবসের উপলক্ষে বৃক্ষরোপন কর্মসূচি আয়োজন করতে হবে। | সকল দপ্তর/সংস্থা |
| ১০ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটি কর্তৃক নির্দেশিত ও নির্ধারিত মাপে সংস্থাসমূহের ভবনে ড্রপডাউন ব্যানার টাঙ্গানো যাবে। তবে এক্ষেত্রে আবশ্যিকভাবে কমিটির নির্দেশনা অনুসরণ করতে হবে। | সকল দপ্তর/সংস্থা |
| ১১ | জাতীয় কর্মসূচির আলোকে নৌপরিবহন মন্ত্রণালয় ও এর অধীন সকল দপ্তর/স্থংস্থাসমূহ স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করবে। সকল দপ্তর/সংস্থা নিজ নিজ কর্মসূচি আগামী ২৫ জুলাই ২০২১ এর মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করবে এবং আগষ্ট ২০২১ এর প্রথম সপ্তাহে ফলো আপ সভা করবে। | সকল দপ্তর/সংস্থা |

৩। যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে জাতীয় শোক দিবস পালনের প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ এবং গৃহীত কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়নের জন্য সভাপতি সকলের প্রতি অনুরোধ জানান। দিবস পালনকালে যথাযথ স্বাস্থ্যবিধি এবং সামাজিক দূরত্ব সতর্কতার সাথে মেনে চলার জন্যও তিনি পরামর্শ প্রদান করেন। এছাড়া সম্ভাব্য ক্ষেত্রে ভার্চুয়াল মাধ্যমে কর্মসূচিসমূহ পালনের বিষয়ে গুরুত্ব আরোপ করেন।

তারখ:১৯-০৭-২০২১
(মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী)
সচিব

তারিখঃ ০৪ শ্রাবণ, ১৪২৮ বঙ্গা:
১৯ জুলাই, ২০২১খ্রি:

নং-১৮.০০.০০০০.০১৬.৩৫.০০১.১৯-৪২৯

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

১। চেয়ারম্যান, জানরক/চবক/মোবক/পাবক/বিআইডব্লিউটিএ/বিআইডব্লিউটিসি/বাস্থবক।
২। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা।
৩। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম।
৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, গভীর সমুদ্র বন্দর সেল, ঢাকা।
৫। কমান্ড্যান্ট, মেরিন একাডেমী, জুলদিয়া, আনোয়ারা, চট্টগ্রাম।
৬। পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, চট্টগ্রাম।
৭। উপসচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (সকল)।
৮। অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, চট্টগ্রাম।
৯। সিনিয়র সহকারী সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (সকল)।
১০। সিনিয়র তথ্য কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
১১। সহকারী সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (সকল)।
১২। প্রোগ্রামার/সিস্টেম এনালিস্ট/সহকারী প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (কার্যবিবরণীটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১৩। হিসাবরক্ষণ কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
১৪। ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (সকল)।
১৫। ব্যক্তিগত কর্মকর্তা, যুগ্মসচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (সকল)।

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
৪। সহকারী সচিব (শিশু শাখা), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

(মো: আমিরুল কায়ছার)
উপসচিব
ফোন ঃ ৯৫১৫৫৫১।
sas.admin1@mos.gov.bd

স্বাধীনতা দিবস রেজুলেশন